

২০২২-২০২৩ অর্থবছরের জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান কমিটির সভার কার্যবিবরণীঃ

পত্র নং- ৩৩.০২.৮২৭৩.৫০১.৪৭.০০১.২১- ৮৭

তারিখঃ ২৩/০৫/২০২৩ খ্রি.

সভাপতির নামঃ মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, পাংশা, রাজবাড়ী।
তারিখঃ ২৩/০৫/২০২৩ খ্রিঃ সময় বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দের পদবী ও স্বাক্ষর : (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	পদবী		স্বাক্ষর
০১	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০২	উপজেলা কৃষি কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা সমবায় কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০৬	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০৭	উপজেলা মৎস্য কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।	সদস্য	স্বাক্ষরিত
০৮.	চেয়ারম্যান হাবাসপুর	সদস্য	স্বাক্ষরিত
	চেয়ারম্যান বাহাদুরপুর	সদস্য	স্বাক্ষরিত

সভায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদানের নিমিত্তে জেলে নিবন্ধন কার্যক্রম হালনাগাদ করার কার্যক্রম চলমান আছে। সে মোতাবেক প্রকৃত বাদ পড়া জেলেদের তথ্য সংগ্রহের জন্য উপজেলা মৎস্য দপ্তরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের ক্ষেত্র সহকারী জনাব মোঃ রাশেদুজ্জামান কে দায়িত্ব প্রদান করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া হাবাসপুর ও বাহাদুরপুর ইউনিয়নের জাটকা ও ইলিশ ধরা থেকে বিরত থাকা জেলেদের তালিকা হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মৎস্য অধিদপ্তর ঢাকা থেকে প্রাপ্ত তালিকায় হাবাসপুর ইউনিয়নের ২৫৩ জন ও বাহাদুরপুর ইউনিয়নের ২২৯ জন জাটকা ও ইলিশ জেলে তালিকা হালনাগাদ করণের আলোচনান্তে হাবাসপুর ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত ১৭জন এবং বাহাদুরপুর ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত ১৬ জন মৃত ও একজন ব্যক্তির নাম মূল তালিকায় দুইবার থাকায়। মৃতের তালিকা মৎস্য দপ্তর পাংশা কর্তৃক যাচাই করে দেখা যায় মৃতের তালিকা দুই ইউনিয়নে সঠিক আছে। একই ব্যক্তির নাম দুইবার থাকায় মূল তালিকার ২২২ ও ২২৫ নং সম্পকে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ০১: নতুন জেলেদের তালিকা হালনাগাদ করার জন্য উপজেলা মৎস্য দপ্তরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের ক্ষেত্র সহকারী জনাব মোঃ রাশেদুজ্জামান কে দায়িত্ব প্রদানের অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ০২: জনসংখ্যার ভিত্তিতে হাবাসপুর ও বাহাদুরপুর ইউনিয়নের নতুন জেলে নিবন্ধনের ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ০৩: হাবাসপুর ও বাহাদুরপুর ইউনিয়নের মৃত জেলেদের জেলে আইডি কার্ড বাতিল করত উপজেলা জেলে নিবন্ধন ও পরিচয়পত্র কমিটির নিকট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে জমা প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।


সিদ্ধান্ত ০৪: বাহাদুরপুর ইউনিয়নের জাটকা ও ইলিশ ধরা কাজে বিরত থাকা জেলেদের মূল তালিকায় ২২২ নং জেলের নামে ভুল থাকায় ও বর্তমানে তিনি মাছ ধরায় জড়িত না থাকায় উপজেলা কমিটি কর্তৃক জাটকা ও ইলিশ মূল তালিকার ২২২ নং বাতিল বলে

সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয় কিন্তু তাকে উপজেলা মৎস্য দপ্তরের প্রত্যয়ন সাপেক্ষে এপ্রিল-মে/২৩ চক্রে চাল দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ০৫: হাবাসপুর ও বাহাদুরপুর ইউনিয়নের যথাক্রমে ১৭ জন এবং ১৬ জন মৃতের তালিকা এবং হাবাসপুর ইউনিয়নের ২৩৬ জন ও বাহাদুরপুর ইউনিয়নের ২১২ জন জাটকা ও ইলিশ ধরা থেকে বিরত থাকা জেলেদের তালিকা চূড়ান্ত করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ০৬: জাটকা ও ইলিশ ধরা থেকে বিরত থাকা জেলেদের চাল বিতরণের সময় সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারকে অবশ্যই উপস্থিত থাকতে হবে এই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী
ও
সভাপতি

উপজেলা জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কমিটি

পত্র নং- ৩৩.০২.৮২৭৩.৫০১.৪৭.০০১.২১- ৮৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ ২৩/০৫/২০২৩ খ্রি.

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী।
৫. উপজেলা চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
৬. উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
৭. উপজেলা..... কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।
৮. চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
৯. দপ্তর নথি।



উপজেলা মৎস্য কর্মকর্তা
পাংশা, রাজবাড়ী।